

সম্পাদকীয়:

করোনাভাইরাস বা কোভিড-১৯ এর প্রাদুর্ভাবে সৃষ্ট চরম বিপর্যয়ের মাঝেও বিপন্ন মানুষের পাশে দাঁড়ানো অব্যাহত রেখেছে সুজন-এর বন্ধুরা। তাঁদের প্রচেষ্টার কথাগুলোকে ধারাবাহিকভাবে তুলে ধরার আর এক প্রচেষ্টার ফসল আমাদের ই-নিউজ লেটার। আমরা ই-নিউজ লেটারের সাতাশতম এই সংখ্যাটি সাজিয়েছি ময়মনসিংহের তারাকান্দার সুজন-সম্পাদক বিনায়ক দত্তের কথা, রংপুরের বাজেট আলোচনা ও বরিশালে খাদ্যসামগ্রী বিতরণের তথ্য দিয়ে।

সাহসী এক করোনাযোদ্ধা তারাকান্দার বিনায়ক দত্ত



বিনায়ক দত্ত ময়মনসিংহ জেলার তারাকান্দা উপজেলার সুজন-সম্পাদক। বয়সে তরুণ বিনায়ক পেশায় একজন শিক্ষক। পাশাপাশি তিনি একজন নিবেদিত সাংস্কৃতিক কর্মী। সমাজসেবা তাঁর নেশা। তাই, করোনাভাইরাসের প্রকোপ যখন ছড়িয়ে পড়তে শুরু করলো, তখন তিনি আর ঘরে বসে থাকতে পারলেন না; নেমে পড়লেন মানুষকে সুরক্ষা দেওয়ার কাজে। করোনা মোকাবেলায় তারাকান্দা উপজেলা নির্বাহী অফিসার চিত্রা শিকারী যে স্বেচ্ছাসেবক টিম গঠন করেন, তাতে নাম লেখান বিনায়ক দত্ত।

উপজেলা প্রশাসনের স্বেচ্ছাব্রতী হিসেবে উপজেলার সকল ইউনিয়ন এবং তারাকান্দা সদরের সকল পাড়া-মহল্লায় বিশ্ব সংস্থার নির্দেশনা মোতাবেক শারীরিক দুরত্ব রক্ষা করা, নিয়মিত সাবান দিয়ে হাত ধোয়া, মাস্ক পরিধান করা এবং জরুরি প্রয়োজন ছাড়া ঘরের বাইরে না যাওয়াসহ সকল ধরনের স্বাস্থ্যবিধি মেনে চলার ব্যাপারে মাইকিং-সহ জনসচেতনতামূলক প্রচারণার নেতৃত্ব দেন বিনায়ক। উপজেলার গুরুত্বপূর্ণ স্থানসমূহকে স্ট্রের মাধ্যমে জীবাণুমুক্ত করার কাজেও নেতৃত্ব দেন তিনি। পাশাপাশি এলাকার বাইরে থেকে বিশেষ করে বিদেশ এবং ঢাকা ও নারায়ণগঞ্জ থেকে এলাকায় আগত শতাধিক পরিবারের হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করে তাঁর টিম। এ সকল কাজের সাথে সাথে অসহায় মানুষের পাশে দাঁড়ানোর কাজটিও করেন তিনি। এলাকার প্রকৃত অভাবগ্রস্ত পরিবারসমূহের তালিকা উপজেলা প্রশাসন ও জনপ্রতিনিধিদের কাছে দাখিল করে তাদের সহায়তাপ্রাপ্তি নিশ্চিত করেন। এলাকার সংসদ সদস্য ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের ত্রাণ বিতরণ টিমের একজন হিসেবেও তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

এখানেই থেমে নেই বিনায়কের কর্মতৎপরতা। ময়মনসিংহ সিটি কর্পোরেশন থেকে করোনায় মৃতদের দাফন ও সৎকারের জন্য সুজন-ময়মনসিংহ মহানগর কমিটির সাধারণ সম্পাদক জনাব আলী ইউসুফের নেতৃত্বে যে কমিটি কাজ করছে, তারও একজন প্রশিক্ষণপ্রাপ্ত ও সক্রিয় স্বেচ্ছাব্রতী তিনি। ময়মনসিংহের সিনিয়র সহকারী জজ উমা রাণী দাসের স্বামী ডঃ দেবশীষ দাসের মরদেহ দাহ করার কাজে যে তিনজন ভূমিকা পালন করেন, তার অন্যতম তিনি। মানুষের কল্যাণে নিবেদিত ও তুষ্ট বিনায়কের সাহসী ভূমিকায় তারাকান্দাবাসীর সাথে সাথে নাগরিক সংগঠন সুজনও গর্বিত।

রংপুরে বাজেট বিষয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত

গত ৯ জুন ২০২০, মঙ্গলবার, সুজন-রংপুর মহানগর কমিটির আয়োজনে "আসন্ন বাজেট ২০২০-২০২১ ও রংপুর উন্নয়ন ভারনা" শীর্ষক অনলাইনে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সুজন-রংপুর মহানগর কমিটি এর সভাপতি অধ্যক্ষ খন্দকার ফখরুল আনাম বেঞ্জুর সভাপতিত্বে অনুষ্ঠিত সভাটিতে আলোচনা করেন রংপুর সিটি কর্পোরেশনের মেয়র জনাব মোস্তাফিজুর রহমান, রংপুর-৩ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব রাণী মাহীর শাদ এরশাদ, বাংলাদেশ আওয়ামী লীগ, রংপুর মহানগর কমিটির সাধারণ সম্পাদক জনাব তুষার কান্তি মন্ডল, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ডঃ তুহিন ওয়াদুদ, রংপুর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক জনাব রফিক সরকার ও বিশিষ্ট নারী নেত্রী মোশফেকা

রাজ্জাকসহ ১২ জন আলোচক। সংগঠনের আঞ্চলিক সমন্বয়কারী রাজেশ দে রাজুর স্বাগত বক্তব্যের মধ্য দিয়ে সভাটি শুরু হয়।



মতবিনিময় সভায় ইতোপূর্বে ঘোষিত বাজেটে রংপুর অঞ্চলের প্রতি যে বৈষম্য করা হয়েছে, তার চিত্র তুলে ধরে আসন্ন বাজেটে তা নিরসনের আহ্বান জানানো হয়।

বরিশালে শ্রমজীবী মানুষের মধ্যে খাদ্যসামগ্রী বিতরণ



নাগরিক সংগঠন সুজন-বরিশাল মহানগর কমিটির উদ্যোগে গত ৮ মে ২০২০-এ, বরিশাল মহানগরের ১৫ ও ২১ নং ওয়ার্ডে শ্রমজীবী মানুষের মধ্যে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়েছে। কর্মহীন হয়ে পড়া ২২০টি শ্রমজীবী পরিবারে বিতরণকৃত খাদ্যসামগ্রীর মধ্যে ছিল পরিবারপ্রতি ৫ কেজি চাল, আড়াই কেজি আলু, ১ কেজি চিড়া, ১ কেজি পেঁয়াজ, ১ কেজি ছোলা বুট ও ১ কেজি চিনি। সাথে ছিল ২টি করে সাবান। সহায়তাপ্রাপ্তদের মধ্যে ছিলেন রিক্সাচালক, ড্যানচালক ও অটোরিক্সা চালকসহ বিভিন্ন পেশার শ্রমজীবী জনগণ। খাদ্যসামগ্রী বিতরণকালে সুজন-বরিশাল মহানগর কমিটির সাধারণ সম্পাদক জনাব রফিকুল আলম, সাবেক সাধারণ সম্পাদক, বিশিষ্ট সাংবাদিক সুশান্ত ঘোষ, মহানগর কমিটির সহ-সাধারণ সম্পাদক আলহাজ্ব সেকান্দার আলী মুন্সী ও ২১ নং ওয়ার্ড কমিটির সম্পাদক সৈয়দ মাইনুল হকসহ ওয়ার্ড কমিটিসমূহের অন্যান্য নেতৃবৃন্দ। উল্লেখ্য, খাদ্যসামগ্রী বিতরণ ছাড়াও বরিশাল জেলা ও মহানগর কমিটির উদ্যোগে জনসচেতনতামূলক বিভিন্ন কার্যক্রম, মাস্ক বিতরণ, বিভিন্ন ইস্যুতে গণমাধ্যমের সাথে কথা বলা ইত্যাদি কার্যক্রমে সম্পৃক্ত ছিলেন সুজন নেতৃবৃন্দ।

আপনার স্বাস্থ্য, আপনার দায়িত্ব